

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mofl.gov.bd

আমিষেই শক্তি, আমিষেই মুক্তি


স্মারক নম্বর-৩৩.০০.০০০০.০০০.১০৮.২২.০০২৯.২৫.১২৭

তারিখ: ০৯ ফাল্গুন ১৪৩২
২২ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের হালনাগাদ কার্যবন্টন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের হালনাগাদ কার্যবন্টন সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১৩ (তেরো) পাতা।


সৈয়দা সাদিয়া নুরীয়া
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৮১১১৭


ই-মেইল: administration-2@mofl.gov.bd

স্মারক নম্বর-৩৩.০০.০০০০.০০০.১০৮.২২.০০২৯.২৫.১২৭

তারিখ: ০৯ ফাল্গুন ১৪৩২
২২ ফেব্রুয়ারি ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. অতিরিক্ত সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
০২. যুগ্মসচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
০৩. উপসচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
০৪. মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৫. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৬. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭. সিনিয়র সহকারী সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
০৮. সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (হালনাগাদ কার্যবন্টন তালিকা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৯. প্রোগ্রামার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
১০. সহকারী সচিব(সকল)/ সহকারী প্রোগ্রামার/হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।


সৈয়দা সাদিয়া নুরীয়া
সিনিয়র সহকারী সচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের কার্যবন্টন
২০২৬**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

প্রশাসন অনুবিভাগ

প্রশাসন অনুবিভাগ:

- ১। মন্ত্রণালয়ের প্রশাসন-১ অধিশাখা, প্রশাসন-২ অধিশাখা এবং আইন অধিশাখার কাজের সামগ্রিক তত্ত্বাবধান করা;
- ২। মন্ত্রণালয়ের প্রযোজ্য আর্থিক ও প্রশাসনিক দায়িত্ব পালন;
- ৩। অধীনস্থ অধিশাখা/শাখাসমূহের কর্মকর্তা/কর্মচারীগণের কাজসমূহ তদারকি এবং
- ৪। সচিব কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

প্রশাসন-১ অধিশাখা:

- ১। মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখা, প্রশাসন-২ শাখা এবং প্রশাসন-৩ শাখার কাজের সামগ্রিক দায়িত্ব পালন করা এবং
- ২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

প্রশাসন-১ শাখা:

- ১। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণের প্রাতিষ্ঠানিক/সংস্থাপনিক বিষয়াদি প্রক্রিয়াকরণ;
- ২। বিভিন্ন মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর/সংস্থা হতে প্রেরিত চিঠিপত্র গ্রহণ এবং বিভিন্ন শাখায় প্রেরণ সম্পর্কিত কার্যক্রম;
- ৩। মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা হতে অধিদপ্তর/দপ্তর/সংস্থায় প্রেরিতব্য চিঠিপত্র গ্রহণ এবং অধিদপ্তর/দপ্তর/সংস্থায় প্রেরণ সম্পর্কিত কার্যক্রম;
- ৪। মন্ত্রণালয়ের ১৩ থেকে ২০ গ্রেড পর্যন্ত কর্মচারীদের নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম এবং ১০-২০ তম গ্রেডের কর্মচারীদের পদোন্নতি সংক্রান্ত কার্যক্রম প্রক্রিয়াকরণ;
- ৫। মন্ত্রণালয়ে কর্মরত ১ থেকে ২০ গ্রেড পর্যন্ত কর্মকর্তা/ কর্মচারীদের অর্জিত ছুটি/শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদান/বহিঃবাংলাদেশ ছুটি/জিপিএফ অগ্রিম প্রদান সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
- ৬। মন্ত্রণালয়ে কর্মরত ১ থেকে ২০ গ্রেড পর্যন্ত কর্মকর্তা/ কর্মচারীদের ব্যক্তিগত নথি/ব্যক্তিগত বিভিন্ন আবেদন নিষ্পত্তিকরণ, প্রক্রিয়াকরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
- ৭। মন্ত্রণালয়ে কর্মরত ১০ থেকে ২০ গ্রেড পর্যন্ত কর্মকর্তা/ কর্মচারীদের পেনশন নিষ্পত্তিকরণ এবং ১ থেকে ৯ গ্রেডের কর্মকর্তাদের পেনশন অগ্রায়ন সংক্রান্ত কার্যক্রম;
- ৮। আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত কার্যক্রম;
- ৯। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক পদায়নকৃত ১ম শ্রেণীর কর্মকর্তা এবং মন্ত্রণালয়ের ১০ থেকে ২০ গ্রেড পর্যন্ত পদে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকে মন্ত্রণালয়ের বিভিন্ন অনুবিভাগ/শাখায় পদায়ন/বদলি সংক্রান্ত কার্যক্রম;
- ১০। এ মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থার শূন্য পদের তথ্যাদি প্রেরণ সংক্রান্ত কার্যক্রম;
- ১১। বিসিএস (প্রশাসন) ক্যাডার হতে বিভিন্ন দপ্তর/সংস্থায় প্রেষণে আগত কর্মকর্তাগণকে পদায়ন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
- ১২। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত অফিস আদেশ, প্রজ্ঞাপন, পরিপত্র ইত্যাদি মন্ত্রণালয়ের কর্মকর্তা এবং অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠানে পৃষ্ঠাংকনকরণসহ যথাযথ ব্যবস্থা গ্রহণ;
- ১৩। মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তরের প্রাপ্যতা অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের জন্য এ, বি ও সি টাইপ সরকারী বাসা বরাদ্দ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
- ১৪। মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের আর্থিক সাহায্যের জন্য মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা বরাবর সার-সংক্ষেপ প্রেরণ সংক্রান্ত কার্যক্রম;
- ১৫। মন্ত্রণালয়ের লাইব্রেরী সংক্রান্ত কার্যক্রম;
- ১৬। মন্ত্রণালয়ের (সচিবালয় অংশ) কর্মকর্তা/কর্মচারীদের ঋণ অগ্রিম মঞ্জুরি এবং
- ১৭। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।



প্রশাসন-২ শাখা:

- ১। মন্ত্রণালয় এবং অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাদের বিদেশে অনুষ্ঠিত সকল প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা ইত্যাদিতে যোগদান সম্পর্কিত নীতিমালা প্রণয়ন এবং এ সংক্রান্ত বিষয়াদি প্রক্রিয়াকরণ ও প্রেষণাদেশ জারীকরণ;
- ২। বিভিন্ন কমিটি বিশেষ করে মন্ত্রণালয়ের বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত স্থায়ী বাছাই কমিটি গঠন সংক্রান্ত কার্যক্রম;
- ৩। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের দেশে/বিদেশে প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম;
- ৪। মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন;
- ৫। মন্ত্রণালয়ে কর্মরত ১০ থেকে ২০ গ্রেড পর্যন্ত কর্মকর্তা/ কর্মচারীদের দক্ষতা নবায়ন প্রশিক্ষণ আয়োজন;
- ৬। মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারী বিভিন্ন সরকারি দপ্তরে প্রশিক্ষণের জন্য মনোনয়ন এবং প্রশিক্ষণের নিমিত্ত বিল পরিশোধ সংক্রান্ত কার্যক্রম;
- ৭। সেমিনার/ওয়ার্কশপ আয়োজন;
- ৮। ইন্টার্নশীপ সংক্রান্ত কার্যক্রম;
- ৯। বিভিন্ন মন্ত্রণালয়ের সেমিনার/ওয়ার্কশপে (প্রকল্প ব্যতীত) মন্ত্রণালয়ের প্রতিনিধি/ফোকাল পয়েন্ট অংশগ্রহণের অনুমতি সংক্রান্ত কার্যক্রম;
- ১০। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা পকর্তৃক অনুষ্ঠিত সভায় (সংশ্লিষ্ট অনুবিভাগের সভা ব্যতীত) মন্ত্রণালয়ের প্রতিনিধি প্রেরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
- ১১। বিভিন্ন প্রকার দিবস/পদক-এ মনোনয়ন সংক্রান্ত কার্যক্রম;
- ১২। সচিব মহোদয়/অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সাথে বৈদেশিক প্রতিনিধিদের বৈঠক বিষয় একাধিক অনুবিভাগ সংক্রান্ত বিষয়ে কার্যক্রম সমন্বয় করতে হবে;
- ১৩। মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিদেশী সংস্থায় নিয়োগের নিমিত্তে কর্মকর্তাদের আবেদন প্রেরণ এবং বিভিন্ন প্রশিক্ষণের ফি বাবদ আর্থিক জি.ও. জারি সংক্রান্ত কার্যক্রম এবং
- ১৪। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

প্রশাসন-৩ শাখা:

- ১। মন্ত্রণালয়/বিভাগসমূহের মাসিক ও বার্ষিক কার্যাবলী সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ;
- ২। সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কিত যাবতীয় কার্যক্রম/ অন্তর্ভুক্ত পরিদর্শন সংক্রান্ত বিষয়/ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ (দপ্তর/সংস্থার কার্যক্রম সমন্বয় সাধন);
- ৩। মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী/উপদেষ্টার বিদেশ সফর সংক্রান্ত সার-সংক্ষেপ মন্ত্রিসভায় অবহিতকরণ;
- ৪। উপদেষ্টা পরিষদ/মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত কার্যক্রম গ্রহণ;
- ৫। জেলা প্রশাসক সম্মেলন সংক্রান্ত সকল কার্যক্রম;
- ৬। পাক্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ত সকল কার্যক্রম;
- ৭। মাননীয় প্রধানমন্ত্রীর/প্রধান উপদেষ্টা কার্যালয়/ মাননীয় উপদেষ্টা/ মন্ত্রিপরিষদ বিভাগে সংস্কার বিষয়ক ও অন্যান্য রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
- ৮। মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/অর্জিত সাফল্য সম্পর্কিত প্রতিবেদন প্রস্তুতকরণ এবং প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
- ৯। সচিব সভার কার্যপত্র প্রক্রিয়াকরণ;
- ১০। এ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের এবং অধীনস্থ দপ্তর/সংস্থার যোগ্য কর্মকর্তাদের সচিবালয় প্রবেশের স্থায়ী/অস্থায়ী পাশ প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

- ১১। স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক এ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের গাড়ির স্টিকার এবং দপ্তর/সংস্থার কর্মকর্তার গাড়ির স্টিকার প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- ১২। মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের জনবল নিয়োগ, প্রাতিষ্ঠানিক/সাংগঠনিক বিষয়াদি প্রক্রিয়াকরণ ও সকল প্রশাসনিক কার্যক্রম গ্রহণ;
- ১৩। মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ঋণ অগ্রিম মঞ্জুরী এবং
- ১৪। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

প্রশাসন-২ অধিশাখা:

- ১। মন্ত্রণালয়ের সেবা শাখা, সমন্বয় শাখা, আইসিটি সেল এবং হিসাব শাখার কাজের সামগ্রিক দায়িত্ব পালন এবং
- ২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

সেবা শাখা:

- ১। মন্ত্রণালয়ের অফিস যন্ত্রপাতি, ফ্যাক্স, ইন্টারকম, সভাকক্ষের মাইক্রোফোন, কম্পিউটার ব্যবহার নিয়ন্ত্রণ, সংরক্ষণ ও পরিচালনা সংক্রান্ত কার্যক্রম;
- ২। কর্মকর্তা/ কর্মচারীদের জন্য অফিস কক্ষ বরাদ্দ এবং ইহাদের সংরক্ষণের জন্য সরকারি আবাসন পরিদপ্তর/গণপূর্ত দপ্তরের সাথে যোগাযোগ রক্ষা করা;
- ৩। মন্ত্রণালয়ের কর্মকর্তাদের জন্য বিধি মোতাবেক ম্যাগাজিন, সংবাদপত্র সরবরাহ, মন্ত্রণালয়ের নিজস্ব গ্রন্থাগারের জন্য প্রয়োজনীয় পুস্তিকাদি সংগ্রহ এবং এতৎসংক্রান্ত বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ;
- ৪। মন্ত্রণালয়ের বিভিন্ন সভা অনুষ্ঠানের বিষয়ে সার্বিক সহায়তা দান এবং এ ধরনের সভায় কেবলমাত্র অপরিহার্য ক্ষেত্রে বিধিমতে আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ;
- ৫। মন্ত্রণালয়ের যানবাহন সংগ্রহ, ক্রয়, পরিচালনা এবং সংরক্ষণ;
- ৬। মন্ত্রণালয়ের অফিসের পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে ব্যবস্থা গ্রহণ;
- ৭। মন্ত্রণালয়ের দাপ্তরিক প্রয়োজনীয় দ্রব্যাদি/মালামাল সংগ্রহ/ক্রয় প্রক্রিয়াকরণ ও বিতরণ/মেরামতসহ সংশ্লিষ্ট কার্যাদি সম্পাদন;
- ৮। মন্ত্রণালয়ের প্রাপ্যতা অনুযায়ী কর্মচারীদেরকে পোষাকাদি সরবরাহের ব্যবস্থা গ্রহণ;
- ৯। প্রটোকল সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পাদন;
- ১০। কর্মচারীদের সরঞ্জামাদি ও সুবিধার প্রাপ্যতা নির্ধারণ সংক্রান্ত কার্যক্রম;
- ১১। এ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তার দাপ্তরিক/আবাসিক টেলিফোন ও ইন্টারনেট সংযোগ এবং টেলিফোন/মোবাইল/ইন্টারনেট বিল/কেবল নেটওয়ার্ক/ফ্যাক্স/ডাটা বিল ইত্যাদি বিষয়ে কার্যক্রম গ্রহণ;
- ১২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদেশ অনুযায়ী কর্মকর্তাদের প্রাপ্যতা অনুযায়ী সুযোগ-সুবিধার ব্যবস্থা করা;
- ১৩। মন্ত্রণালয়ের নিরাপত্তা বিষয়ক কার্যাদি তদারকি এবং
- ১৪। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

সমন্বয় শাখা:

- ১। এ মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার সংক্রান্ত সকল কার্যক্রম গ্রহণ;
- ২। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে চাহিদাকৃত তথ্য/প্রতিবেদন সংগ্রহ ও প্রেরণ;
- ৩। মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ কাজ ও আন্তঃ দপ্তর/সংস্থা সংক্রান্ত বিষয়াদির সমন্বয় সাধন;
- ৪। মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সমন্বয় সভা এবং মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের প্রধানসহ সমন্বয় সভা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
- ৫। জাতীয় সংসদ বিষয়ক কার্যাবলী;
- ৬। বিভিন্ন অনুষ্ঠানের আমন্ত্রণপত্র প্রেরণের নিমিত্ত রাষ্ট্রপতির কার্যালয়/প্রধানমন্ত্রীর কার্যালয় হতে চাহিত কর্মকর্তাদের তালিকা প্রেরণ;
- ৭। এ মন্ত্রণালয়ের একাধিক সংস্থার সম্মিলিত কাজ সম্পাদন ;

Handwritten signature

- ৮। GRS, তথ্য অধিকার, ভোক্তা অধিকার বিষয়ক কার্যাবলী এবং
- ৯। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

আইসিটি সেল :

সিস্টেম এনালিস্ট:

ক. প্রশাসনিক, সমন্বয় ও পরিবীক্ষণ সংক্রান্ত:

- ১। মন্ত্রণালয়ের আইসিটি সেলের সামগ্রিক কার্যক্রম নিবিড়ভাবে পরিবীক্ষণ (Monitoring) ও তদারকি করা;
- ২। মন্ত্রণালয়ের আইসিটি বিষয়ক কার্যক্রমের সামগ্রিক চিত্র সমন্বয় সভায় উপস্থাপনের নিমিত্ত প্রতিবেদন প্রণয়ন;
- ৩। আইসিটি বিষয়ক কার্যক্রমের প্রয়োজনীয়তা নিরূপণ এবং তদানুযায়ী বাজেট প্রণয়নে সহায়তা প্রদান;
- ৪। সিস্টেম-সংশ্লিষ্ট পরামর্শক (যেমন: সাইবার সিকিউরিটি ও সিস্টেম অডিট, প্রজেক্ট ম্যানেজমেন্ট এবং ডেটা ফর ইমপ্যাক্ট কনসালট্যান্টসহ অন্যান্য কনসালট্যান্ট) এবং বিশেষজ্ঞদের সাথে সমন্বয় ও পরামর্শক্রমে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;
- ৫। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দাপ্তরিক দায়িত্ব পালন;

খ. সফটওয়্যার, সিস্টেম ও ডেটাবেজ ব্যবস্থাপনা:

- ৬। মন্ত্রণালয়ের প্রয়োজনীয় সফটওয়্যার তৈরি (Development), হালনাগাদকরণ ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন;
- ৭। মন্ত্রণালয়ের মোবাইল ও ওয়েব অ্যাপ্লিকেশনসমূহের রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন।
- ৮। ডেটাবেজ সিস্টেমের অপ্টিমাইজেশন ও রক্ষণাবেক্ষণ, ডেটা বিশ্লেষণ এবং রিপোর্টিং টুল তৈরি ও হালনাগাদকরণ;
- ৯। কাস্টমাইজড সফটওয়্যার ও সিস্টেম সলিউশন মূল্যায়ন এবং এসংক্রান্ত বিষয়ে মতামত প্রদানের নিমিত্ত প্রতিবেদন প্রস্তুতকরণ;
- ১০। ইন্টার-অপারেবল অ্যাপ্লিকেশন প্রোগ্রামিং ইন্টারফেস (API) বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে প্রয়োজনীয় যোগাযোগ স্থাপন এবং উদ্ভূত সমস্যার সমাধান;
- ১১। সিস্টেম-ভিত্তিক কোর টেকনোলজি, সোর্সকোড এবং তথ্য/ডেটা ভান্ডারের স্বত্ব ও মালিকানা নিশ্চিতকরণ সম্পর্কিত দায়িত্ব পালন এবং
- ১২। মন্ত্রণালয়ের কেন্দ্রীয় এবং অভ্যন্তরীণ ই-সেবাসমূহের অ্যাডমিনিষ্ট্রেটর (Admin) হিসেবে যাবতীয় কারিগরি কার্যক্রম পরিচালনা;

গ. কারিগরি অবকাঠামো, নেটওয়ার্ক ও নিরাপত্তা (Security):

- ১৩। মন্ত্রণালয়ের নেটওয়ার্কিং, ফায়ারওয়াল, রাউটার, সুইচ এবং সকল সার্ভারের প্রয়োজনীয় কনফিগারেশন, আপড্রেশন, নিরাপত্তা নিশ্চিতকরণ ও সার্বিক ব্যবস্থাপনা;
- ১৪। মন্ত্রণালয়ের সকল সিস্টেমের ডেটা সেন্টার, সার্ভার অ্যাক্সেস, ডেটা হোস্টিং ও সিকিউরিটি সিস্টেম অডিটসহ সার্বিক বিষয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (BCC) এবং বাংলাদেশ ডেটা সেন্টার কোম্পানি লিমিটেড (BDCCL)-এর সাথে প্রয়োজনীয় যোগাযোগ ও সমস্যার সমাধান;
- ১৫। মন্ত্রণালয়ের সকল সিস্টেমের নিরাপত্তা (Security) ও গুণগত মান নিয়ন্ত্রণ (Quality Control) সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন;
- ১৬। সিস্টেমে সংরক্ষিত গুরুত্বপূর্ণ ডেটা এবং সোর্সকোডের গোপনীয়তা ও নিরাপত্তা সুদৃঢ় করার লক্ষ্যে বিশেষ প্রযুক্তিগত ব্যবস্থা গ্রহণ;

- ১৭। মন্ত্রণালয়ের আইসিটি সিস্টেমের জন্য একটি সুনির্দিষ্ট ও কার্যকর বিপর্যয় পুনরুদ্ধার পরিকল্পনা (Disaster Recovery Plan) প্রণয়ন;

ঘ. প্রকিউরমেন্ট, প্রকল্প সহায়তা ও মান নিয়ন্ত্রণ:

- ১৮। আইসিটি-ভিত্তিক কারিগরি চাহিদা নিবুপণ (Need Assessment), কার্যপরিধি (ToR) এবং কারিগরি স্পেসিফিকেশন (Specification) প্রস্তুতিতে সমন্বয় সাধন;
- ১৯। আইসিটি সংক্রান্ত সকল বিষয়ের গুণগত মান নিয়ন্ত্রণে (Quality Control) চাহিদা, স্পেসিফিকেশন ও কার্যপরিধি অনুযায়ী প্রত্যয়ন/না-দাবি (No Objection/Certification) প্রদানে কার্যকর ব্যবস্থা গ্রহণ;
- ২০। আইসিটি-নির্ভর প্রকল্পসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান;
- ২১। মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল কারিগরি প্রকল্পের মেয়াদান্তে সিস্টেমসমূহের কার্যকারিতা অক্ষুণ্ন রাখার স্বার্থে সোর্সকোড বুকে নেয়াসহ সিস্টেমসমূহের ধারাবাহিক ক্রমবিকাশে সার্বিক সহযোগিতা প্রদান এবং

ঙ. প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধি (Capacity Building):

- ২২। মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নতুন প্রযুক্তি, সাইবার নিরাপত্তা এবং সফটওয়্যার ব্যবহারসহ অন্যান্য তথ্য-প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদান।

প্রোগ্রামার:

ক. কারিগরি অবকাঠামো, নেটওয়ার্ক ও সার্ভার ব্যবস্থাপনা:

- ১। মন্ত্রণালয়ের সার্ভাররুমের সার্বিক ব্যবস্থাপনা (সার্ভার, নেটওয়ার্কিং ডিভাইসসহ কানেক্টিভিটি, পাওয়ার মডিউল, এসি, ডি-ইউমিডিফায়ার, ডোর অ্যাক্সেস, প্রয়োজনীয় সরঞ্জামাদি ও ডকুমেন্টেশন ইত্যাদি) নিয়মিতভাবে তদারকি ও নিয়ন্ত্রণ;
- ২। ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার (ISP)-সমূহের সাথে সার্বক্ষণিক যোগাযোগ স্থাপন এবং মন্ত্রণালয়ের নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা নিশ্চিতকরণ;
- ৩। মন্ত্রণালয়ের সিসি ক্যামেরা (CC Camera) এবং অ্যাক্সেস কন্ট্রোল (Access Control) সিস্টেমের ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ;

খ. সফটওয়্যার, সোর্সকোড ও ডেটা ব্যবস্থাপনা:

- ৪। সিস্টেম-ভিত্তিক কোর টেকনোলজি, সোর্সকোড এবং তথ্য/ডেটা ভান্ডারের স্বত্ব ও মালিকানা নিশ্চিতকরণ সংক্রান্ত কার্যসম্পাদনে সিস্টেম এনালিস্টের সার্বিক তত্ত্বাবধানে দায়িত্ব পালন। মন্ত্রণালয়ের প্রয়োজনীয় সফটওয়্যার, মোবাইল ও ওয়েব অ্যাপ্লিকেশন তৈরি, হালনাগাদকরণ ও রক্ষণাবেক্ষণ;
- ৫। মন্ত্রণালয়ের ব্যবহৃত সিস্টেমসমূহের সোর্সকোড বুকে নেওয়া এবং তা সুরক্ষিতভাবে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ;
- ৬। এপিআই (API) ডেটা শেয়ারিং সংক্রান্ত যাবতীয় কারিগরি কার্যক্রম সম্পাদন;
- ৭। পরামর্শক বা পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে পরিচালিত সিস্টেম ডেভেলপমেন্ট সংক্রান্ত কার্যাবলির সমন্বয় সাধন;

গ. ই-সেবা প্রদান ও কারিগরি সহায়তা:

- ৮। মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত বিভিন্ন সভায় প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান (প্রয়োজ্য ক্ষেত্রে জুম, ভিডিও কনফারেন্সিং ইত্যাদি পরিচালনা);
- ৯। মন্ত্রণালয়ের এসএমএস (SMS) সেবা নিরবচ্ছিন্ন রাখতে যাবতীয় কারিগরি কার্যক্রম সম্পাদন;
- ১০। মন্ত্রণালয়ের কর্মকর্তাদের দাপ্তরিক ই-মেইল (Official Email) অ্যাকাউন্ট তৈরি, পাসওয়ার্ড পুনরুদ্ধারসহ ই-মেইল সার্ভিসের যাবতীয় ট্রাবলশুটিং (Troubleshooting) সম্পাদন;

ঘ. প্রশাসনিক, পরিবীক্ষণ ও সমন্বয়:

- ১১। আওতাধীন কর্মচারীদের দায়িত্ব বণ্টন ও তাদের কার্যক্রমের সমন্বয় সাধন;
- ১২। মন্ত্রণালয়ের আইসিটি বিষয়ক কার্যক্রমের সামগ্রিক চিত্র ও প্রতিবেদন প্রণয়নে সিস্টেম এনালিস্ট/উর্ধ্বতন কর্তৃপক্ষকে সহযোগিতা প্রদান;
- ১৩। চাহিদাভিত্তিক প্রতিবেদন এবং পরিবীক্ষণ (Monitoring) প্রতিবেদন প্রস্তুতকরণ;
- ১৪। জিইএমএস (Government Employee Management System - GEMS) এবং জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity System - NIS) পোর্টালে নিয়মিতভাবে তথ্য হালনাগাদকরণ;

ঙ. প্রকিউরমেন্ট ও কারিগরি চাহিদা নিরূপণ:

- ১৫। আইসিটি সংক্রান্ত সফটওয়্যার, সার্ভিস ও প্রয়োজনীয় সামগ্রীর কারিগরি চাহিদা নিরূপণ (Need Assessment) এবং স্পেসিফিকেশন (Specification) ও কার্যপরিধি (ToR) প্রস্তুতিতে সহায়তা প্রদান এবং
- ১৬। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

সহকারী প্রোগ্রামার:

ক. সফটওয়্যার, লাইসেন্সিং ও আইটি সাপোর্ট:

- ১। মন্ত্রণালয়ের প্রয়োজনীয় সফটওয়্যার, মোবাইল ও ওয়েব অ্যাপ্লিকেশন তৈরি, হালনাগাদকরণ ও রক্ষণাবেক্ষণ। মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ ওয়ার্কস্টেশনসমূহের সফটওয়্যার (যেমন: অ্যাপ্লিকেশন, অ্যান্টিভাইরাস সফটওয়্যার, অনলাইন/অফলাইন সেবা ইত্যাদি) সংক্রান্ত কারিগরি সাপোর্ট সেবা নিশ্চিতকরণ এবং এসংক্রান্ত তথ্যাদি রেজিস্টারে সংরক্ষণ;
- ২। সিস্টেম এবং সিস্টেমে ব্যবহৃত সকল ধরনের প্রয়োজনীয় টুলস ও প্রযুক্তির লাইসেন্সিং (Licensing) এবং আধুনিকীকরণের (Upgradation) সার্বিক ব্যবস্থাপনা;

খ. ই-গভর্ন্যান্স ও কারিগরি সহায়তা:

- ৩। ই-জিপি (e-GP), ডি-নথি (D-Nothi), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), আইবাস++ (iBAS++) এবং অন্যান্য সিস্টেম পরিচালনায় ব্যবহারকারীদের প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান;

গ. সোশ্যাল মিডিয়া ও ডিজিটাল প্র্যাটফর্ম ব্যবস্থাপনা:

- ৪। মন্ত্রণালয়ের সোশ্যাল মিডিয়া পেজসমূহ (যেমন: ফেসবুক, ইউটিউব) ব্যবস্থাপনা এবং সংশ্লিষ্ট অন্যান্য পেজের সাথে সমন্বয় সাধন;
- ৫। সোশ্যাল মিডিয়া পেজসমূহের অ্যাডমিন অ্যাক্সেস (Admin Access) ও নিরাপত্তা (Security) নিশ্চিতকরণ এবং নিয়মিত কনটেন্ট আপলোডসহ সার্বিক তদারকি;
- ৬। কনটেন্ট বুস্টিং (Boosting), কলার টিউন এবং এসএমএস (SMS) সেবা সংক্রান্ত যাবতীয় কারিগরি কার্যক্রম সম্পাদন;

ঘ. ক্রয়, চুক্তি ব্যবস্থাপনা ও পরিবীক্ষণ:

- ৭। আইসিটি সংশ্লিষ্ট বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) প্রণয়ন এবং ক্রয় কার্যক্রমে (Procurement) সার্বিক সহায়তা প্রদান;
- ৮। সফটওয়্যার ও আইটি সার্ভিস সংক্রান্ত ক্রয় আদেশ (Work Order) বা চুক্তিস্বাক্ষর পরবর্তী কারিগরি ব্যবস্থাপনার দায়িত্ব পালন;

- ৯। প্রযুক্তিগত বিষয়ে নিয়োজিত পরামর্শক বা পরামর্শক প্রতিষ্ঠানের কার্যক্রম নিবিড়ভাবে পরিবীক্ষণ (Monitoring) এবং এসংক্রান্ত প্রতিবেদন প্রস্তুতকরণ;

ঙ. প্রশাসনিক, সমন্বয় ও বিবিধ:

- ১০। আওতাধীন সকল কর্মচারীর দায়িত্ব বণ্টন এবং তাদের কার্যক্রমের সমন্বয় সাধন;
- ১১। কর্তৃপক্ষের চাহিদার নিরিখে বিভিন্ন পরিবীক্ষণ প্রতিবেদন ও অন্যান্য দাপ্তরিক প্রতিবেদন প্রস্তুতকরণ এবং
- ১২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দাপ্তরিক দায়িত্ব পালন।

সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার:

ক. হার্ডওয়্যার, নেটওয়ার্ক ও কারিগরি সহায়তা (Troubleshooting):

- ১। মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ ওয়ার্কশেপসমূহের হার্ডওয়্যার এবং নেটওয়ার্ক (LAN, Wi-Fi) সংক্রান্ত সার্বিক ব্যবস্থাপনা, তদারকি, উন্নয়ন ও সাপোর্ট সেবা নিশ্চিতকরণ;
- ২। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীর দাপ্তরিক কম্পিউটার ও ল্যাপটপে অপারেটিং সিস্টেম (Windows), অফিস অ্যাপ্লিকেশন (MS Office), প্রয়োজনীয় অন্যান্য সফটওয়্যার/অ্যাপ এবং প্রিন্টার ও স্ক্যানারের ড্রাইভার ইন্সটলেশনসহ যাবতীয় কারিগরি সহায়তা প্রদান;
- ৩। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সকল কক্ষের ইন্টারকম সিস্টেম (Intercom System), সভাকক্ষের সাউন্ড সিস্টেম (Sound System), ইন্টারেক্টিভ স্মার্ট বোর্ড (Interactive Smart Board), ভিডিও কনফারেন্সিং সিস্টেম (Video Conferencing System) এবং টিভি/মনিটরের সুষ্ঠু কারিগরি ব্যবস্থাপনা;

খ. প্রকিউরমেন্ট, ইনভেন্টরি ও চুক্তি ব্যবস্থাপনা:

- ৪। কম্পিউটার হার্ডওয়্যার, নেটওয়ার্ক সামগ্রী এবং সিসি ক্যামেরা/টিভি সংক্রান্ত কারিগরি প্রয়োজনীয়তা নিরূপণ (Need Assessment), সংগ্রহের উদ্যোগ গ্রহণ এবং বিতরণ সংশ্লিষ্ট কার্যসম্পাদনে সহায়তা প্রদান;
- ৫। হার্ডওয়্যার ও নেটওয়ার্ক সামগ্রী সংক্রান্ত ক্রয় আদেশ (Work Order) বা চুক্তিস্বাক্ষর পরবর্তী কারিগরি ব্যবস্থাপনার দায়িত্ব পালন;
- ৬। আইসিটি নির্ভর আসবাবপত্র, যন্ত্রপাতি ও স্টেশনারিসমূহের হালনাগাদ স্টক রেজিস্টার (Stock Register) সংরক্ষণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা;

গ. প্রশাসনিক, সমন্বয় ও পরিবীক্ষণ:

- ৭। সিস্টেম এনালিস্ট-এর সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনায় অর্পিত কারিগরি ও দাপ্তরিক কার্যাবলি সম্পাদন;
- ৮। আওতাধীন সকল কর্মচারীর দায়িত্ব বণ্টন এবং তাদের দৈনন্দিন কার্যক্রমের সমন্বয় সাধন;
- ৯। কর্তৃপক্ষের চাহিদার নিরিখে বিভিন্ন দাপ্তরিক প্রতিবেদন এবং পরিবীক্ষণ (Monitoring) প্রতিবেদন প্রস্তুতকরণ এবং
- ১০। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দাপ্তরিক দায়িত্ব পালন।

হিসাব শাখা:

- ১। মন্ত্রণালয়ের রাজস্ব বাজেট সংক্রান্ত হিসাবরক্ষণের দায়িত্ব পালন;
- ২। মন্ত্রণালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের বেতন বিল, ভ্রমণ ভাতা বিল, ওভারটাইম বিল প্রস্তুত করা ও অনুমোদনের পর চেক জমাকরণ;
- ৩। মন্ত্রণালয়ের কর্মকর্তাদের পক্ষে বেতন বিল ও ভ্রমণ ভাতা বিল প্রস্তুত করা ও প্রক্রিয়াকরণ;

- ৪। নন-গেজেটেড কর্মচারীদের ছুটির হিসাব সংরক্ষণ এবং চাহিদা অনুযায়ী সার্টিফিকেট প্রদান;
- ৫। প্রাপ্তি এবং ব্যয় সংক্রান্ত রেজিস্টার, ক্যাশ বুক হিসাব সংরক্ষণ সংক্রান্ত রিপোর্ট/রেজিস্টার সংরক্ষণ;
- ৬। মন্ত্রণালয়ের ইমপ্রেস ফান্ড চালুকরণ;
- ৭। ভ্রমণ ভাতা অগ্রিম প্রদান প্রক্রিয়াকরণ;
- ৮। মন্ত্রণালয়ের সকল অফিস ও আবাসিক টেলিফোন বিলসহ আনুষঙ্গিক খরচের যাবতীয় বিল যথাসময়ে প্রধান হিসাবরক্ষণ অফিসারের কার্যালয়ে প্রেরণ এবং পাশ করার জন্য উদ্যোগ গ্রহণ এবং
- ৯। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

আইন অধিশাখা:

- ১। মন্ত্রণালয়ের আইন-১ শাখা এবং আইন-২ শাখার কাজের সামগ্রিক দায়িত্ব পালন করা এবং
- ২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

আইন-১ শাখা:

- ১। মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন ও মেরিন ফিশারিজ একাডেমি সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা সংক্রান্ত কার্যাবলী;
- ২। বিভিন্ন মন্ত্রণালয় হতে প্রাপ্ত আইন/বিধিমালা/নীতিমালা প্রণয়ন, সংশোধন, আধুনিকীকরণ বিষয়ে মতামত প্রদান সংক্রান্ত;
- ৩। মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের বিভাগীয় মামলার অভিযোগ সংক্রান্ত বিষয়াদি তদন্ত সংক্রান্ত কার্যাবলী এবং
- ৪। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

আইন-২ শাখা:

- ১। মৎস্য অধিদপ্তর ব্যতিত এ মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার বিরুদ্ধে দায়েরকৃত মামলা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
- ২। প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের বিরুদ্ধে দায়েরকৃত মামলা সংক্রান্ত কার্যাবলী;
- ৩। যে সকল আইন একাধিক সংস্থার সাথে সম্পর্কিত সে সকল আইন প্রণয়ন সংক্রান্ত কার্যাবলী;
- ৪। যে সকল সংস্থা আইনের দ্বারা সৃষ্ট সে সকল সংস্থা সৃষ্টির জন্য আইন প্রণয়ন সংক্রান্ত কার্যাবলী এবং
- ৫। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

মৎস্য অনুবিভাগ

মৎস্য অনুবিভাগ:

- ১। মন্ত্রণালয়ের মৎস্য-১ অধিশাখা ও মৎস্য-২ অধিশাখার কাজের সামগ্রিক তত্ত্বাবধান করা;
- ২। অধীনস্থ অধিশাখা/শাখাসমূহের কর্মকর্তা/কর্মচারীগণের কাজসমূহ তদারকি এবং
- ৩। সচিব কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

মৎস্য-১ অধিশাখা:

- ১। মন্ত্রণালয়ের মৎস্য-১ শাখা ও মৎস্য-২ শাখার কাজের সামগ্রিক দায়িত্ব পালন করা এবং
- ২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

[Signature]

মৎস্য-১ শাখা:

- ১। মৎস্য অধিদপ্তর ও উহার অধীনস্থ দপ্তরসমূহের সকল প্রশাসনিক কার্যাবলী;
- ২। মৎস্য অধিদপ্তরের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব ক্যাডার/ নন-ক্যাডার কর্মকর্তাদের পদোন্নতি, নিয়োগ, পদায়ন ও বদলি;
- ৩। মৎস্য অধিদপ্তরের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব ক্যাডার/ নন-ক্যাডার কর্মকর্তাদের শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুর;
- ৪। মৎস্য অধিদপ্তরের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব ক্যাডার/নন-ক্যাডার কর্মকর্তাদের অর্জিত ছুটি/বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর;
- ৫। মৎস্য অধিদপ্তরের ক্যাডার/নন-ক্যাডার কর্মকর্তাদের দেশের অভ্যন্তরে/বিদেশে অনুষ্ঠিত উচ্চ শিক্ষা (এমফিএল, এমএস বা সমমান ও পিএইচডি বা সমমান) গ্রহণের নিমিত্ত প্রেষণাদেশ/শিক্ষা ছুটি/বিনা বেতনে অসাধারণ ছুটি সংক্রান্ত কার্যক্রম;
- ৬। মৎস্য অধিদপ্তরের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব ক্যাডার/ নন-ক্যাডার কর্মকর্তাদের চাকরি স্থায়ীকরণ;
- ৭। মৎস্য অধিদপ্তরের ২০ গ্রেড হতে ০৭ গ্রেডের সরাসরি নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াকরণ;
- ৮। মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগবিধি সংক্রান্ত কার্যক্রম;
- ৯। মৎস্য অধিদপ্তরের বিসিএস (মৎস্য) ক্যাডারের কম্পোজিশন ও ক্যাডার বুলস প্রণয়ন এবং প্রয়োজনবোধে উহা সংশোধন সংক্রান্ত কার্যক্রম;
- ১০। বিসিএস (মৎস্য) ক্যাডারের মৎস্য কর্মকর্তাদের জ্যেষ্ঠতার তালিকা প্রণয়ন ও সংরক্ষণ প্রক্রিয়াকরণ;
- ১১। মৎস্য অধিদপ্তরের অর্গানোগ্রাম অনুমোদন সংক্রান্ত কার্যক্রম;
- ১২। মৎস্য অধিদপ্তরের আওতায় নতুন পদ সৃজন সংক্রান্ত কার্যক্রম;
- ১৩। মৎস্য অধিদপ্তরের ক্যাডার/নন-ক্যাডার কর্মকর্তাদের গ্রেডেশন তালিকা অনুমোদনের কার্যক্রম;
- ১৪। মৎস্য অধিদপ্তরের ক্যাডার/নন-ক্যাডার কর্মকর্তাদের লিয়েন/প্রেষণ সংক্রান্ত কার্যক্রম প্রক্রিয়াকরণ;
- ১৫। মৎস্য অধিদপ্তরের আওতায় বিভিন্ন জেলা/উপজেলা/খামারের পূর্ত কাজের অনুমোদন (আর্থিক ক্ষমতা অনুযায়ী) এবং পুরানো ভবন ভেঙ্গে ফেলার প্রশাসনিক অনুমোদন (নীতিমালা অনুযায়ী) সংক্রান্ত কার্যক্রম;
- ১৬। মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের মুক্তিযোদ্ধা হিসেবে প্রত্যয়ন এবং চাকরির বয়স বৃদ্ধির কার্যক্রম;
- ১৭। মৎস্য অধিদপ্তরের রাজস্বখাতে নতুন গাড়ী ক্রয়/মেরামত/অকেজো ঘোষণার প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত কার্যক্রম;
- ১৮। মৎস্য অধিদপ্তরের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব ক্যাডার/ নন-ক্যাডার কর্মকর্তাদের এসিআর সংরক্ষণ/বিরূপ মন্তব্য অবলোপন সংক্রান্ত কার্যক্রম;
- ১৯। মৎস্য অধিদপ্তরের কর্মকর্তাদের সম্পদ বিবরণী সংক্রান্ত কার্যক্রম;
- ২০। মৎস্য আইন সংক্রান্ত কার্যক্রম এবং
- ২১। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

মৎস্য-২ শাখা:

- ১। মৎস্য অধিদপ্তরের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব ক্যাডার/ নন-ক্যাডার কর্মকর্তাদের পিআরএল, লাম্পগ্রান্ট, পেনশন ও আনুতোষিক মঞ্জুর;
- ২। মৎস্য অধিদপ্তরের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব ক্যাডার/ নন-ক্যাডার কর্মকর্তাদের সাধারণ ভবিষ্য তহবিলে জমাকৃত টাকা হতে অগ্রিম/ চূড়ান্ত উত্তোলন;
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর কল্যাণ তহবিল/সরকারী কর্মচারী কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান কার্যক্রম প্রক্রিয়াকরণ;
- ৪। মৎস্য অধিদপ্তরের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব ক্যাডার/ নন-ক্যাডার কর্মকর্তাদের বিরুদ্ধে অভিযোগ/শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত কার্যাবলী;
- ৫। মৎস্য অধিদপ্তরের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব ক্যাডার/ নন-ক্যাডার কর্মকর্তাদের সাধারণ ভবিষ্য তহবিলে জমাকৃত টাকা হতে গৃহ নির্মাণ/মোটরযান/মোটর সাইকেল/সাইকেল অগ্রিম প্রদান সম্পর্কিত;
- ৬। বিএফডিসির কর্মকর্তা/কর্মচারীদের চাকুরির প্রবিধানমালা, অর্গানোগ্রাম সংক্রান্ত সকল কার্যক্রম;
- ৭। বিএফডিসির ৯ম গ্রেড ও তদূর্ধ্ব কর্মকর্তাদের বহিঃবাংলাদেশ ছুটি সংক্রান্ত কার্যক্রম;

- ৮। বিএফডিসির কর্মকর্তাদের দেশের অভ্যন্তরে/বিদেশে অনুষ্ঠিত উচ্চ শিক্ষা (এমফিএল, এমএস বা সমমান ও পিএইচডি বা সমমান) গ্রহণের নিমিত্ত প্রেষণাদেশ/শিক্ষা ছুটি/বিনা বেতনে অসাধারণ ছুটি, লিয়েন সংক্রান্ত কার্যক্রম;
- ৯। বিএফডিসির আইন/বিধিতে অন্তর্ভুক্ত নয় এবং মন্ত্রণালয় হতে কার্যক্রম গ্রহণ করা সমীচীন এরূপ বিবিধ কার্যক্রম;
- ১০। বিএফডিসিতে নৌবাহিনীর কর্মকর্তাদের প্রেষণ সংক্রান্ত কার্যক্রম এবং
- ১১। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

মংস্য-২ অধিশাখা:

- ১। মন্ত্রণালয়ের মংস্য-৩ শাখা ও মংস্য-৪ শাখার কাজের সামগ্রিক দায়িত্ব পালন করা এবং
- ২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

মংস্য-৩ শাখা:

- ১। জাতীয় মংস্য সম্পদ সম্পর্কিত নীতিমালা কৌশল পদ্ধতি, জাতীয় মংস্য নীতি প্রণয়ন, হালনাগাদকরণ এবং তা বাস্তবায়নের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ ও পরিবীক্ষণ;
- ২। অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মংস্য সম্পদ সম্প্রসারণ ও সংরক্ষণের নীতিমালা সংক্রান্ত সকল বিষয়াদি প্রক্রিয়াকরণ;
- ৩। মংস্য অধিদপ্তরের আওতাধীন সমাপ্ত উন্নয়ন প্রকল্পসমূহের জনবল রাজস্ব বাজেটে স্থানান্তর প্রক্রিয়াকরণ;
- ৪। জাতীয় মংস্য সপ্তাহ উদযাপন সংক্রান্ত কার্যাবলী;
- ৫। জাটকা সংরক্ষণ সপ্তাহ এবং মা ইলিশ রক্ষা কার্যক্রম;
- ৬। মংস্য আহরণ নিষিদ্ধকালীন সময়ে মংস্যজীবীদেরকে ভিজিএফ প্রদান সংক্রান্ত বিষয়সমূহ;
- ৭। অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মংস্য সম্পদ রক্ষার্থে অভয়াশ্রম ঘোষণা সংক্রান্ত বিষয়সমূহ;
- ৮। ইলিশ সংক্রান্ত সকল কার্যক্রম;
- ৯। অভয়াশ্রম/জলমহাল ও বাওড় সংক্রান্ত সকল কার্যক্রম এবং
- ১০। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন;

মংস্য-৪ শাখা:

- ১। উপকূলীয় অঞ্চলে মংস্য চাষ, সংরক্ষণ, আহরণ, ব্যবস্থাপনা উন্নয়ন ইত্যাদি সম্পর্কিত কার্যক্রম প্রক্রিয়াকরণ;
- ২। চিংড়ি বালাই দমনের জন্য উন্নততর ব্যবস্থাপনা ভিত্তিক প্রযুক্তি উদ্ভাবন ও চিংড়ি খামারীদেরকে এ সম্পর্কে প্রশিক্ষণ প্রদান সম্পর্কিত কার্যক্রম;
- ৩। চিংড়ি রপ্তানি বৃদ্ধি ও অব্যাহত রাখার লক্ষ্যে HACCP Based Fish Quality Assurance Programme বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রম;
- ৪। উপকূলীয় চিংড়িসহ অন্যান্য প্রজাতির বাচ্চা নিধন রোধকরণ সম্পর্কিত কার্যক্রম;
- ৫। উপকূলীয় মংস্য ও চিংড়ি চাষের জন্য উপকূলীয় খাস জমির ইজারা ও ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় কার্যাবলী প্রক্রিয়াকরণ;
- ৬। উপকূলীয় ও চিংড়ি মংস্য চাষ সংক্রান্ত বেসরকারি খাতে প্রস্তাবসমূহ প্রক্রিয়াকরণ;
- ৭। চিংড়ি চাষসহ উপকূলীয় মংস্য চাষ সংক্রান্ত জাতীয় নীতিমালা প্রণয়ন/বাস্তবায়ন;
- ৮। চিংড়ি চাষ সংক্রান্ত যাবতীয় বোর্ড/কমিটির কার্যাবলি;
- ৯। মংস্য মান নিয়ন্ত্রণ সম্পর্কিত বিষয়াদি প্রক্রিয়াকরণ;
- ১০। বাংলাদেশ মংস্য গবেষণা ইনস্টিটিউটের চাকুরির প্রবিধানমালা, অর্গানোগ্রাম সংক্রান্ত সকল কার্যক্রম;
- ১১। বাংলাদেশ মংস্য গবেষণা ইনস্টিটিউটের জনবল নিয়োগের নিমিত্ত ছাড়পত্র প্রদান;
- ১২। বাংলাদেশ মংস্য গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক নিয়োগ;
- ১৩। বাংলাদেশ মংস্য গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালকের ছুটি সংক্রান্ত কার্যক্রম;
- ১৪। বাংলাদেশ মংস্য গবেষণা ইনস্টিটিউটের ৯ম শ্রেণী ও তদুর্ধ্ব কর্মকর্তাদের বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর;

- ১৫। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের আইন ও বিধিতে অন্তর্ভুক্ত নয় এবং মন্ত্রণালয় হতে কার্যক্রম গ্রহণ করা সমীচীন এরূপ বিবিধ কার্যক্রম এবং
- ১৬। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

প্রাণিসম্পদ অনুবিভাগ

প্রাণিসম্পদ অনুবিভাগ:

- ১। মন্ত্রণালয়ের প্রাণিসম্পদ-১ অধিশাখা ও প্রাণিসম্পদ-২ অধিশাখার কাজের সামগ্রিক তত্ত্বাবধান করা;
- ২। অধীনস্থ অধিশাখা/শাখাসমূহের কর্মকর্তা/কর্মচারীগণের কাজসমূহ তদারকি এবং
- ৩। সচিব কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

প্রাণিসম্পদ-১ অধিশাখা:

- ১। মন্ত্রণালয়ের প্রাণিসম্পদ-১ শাখা, প্রাণিসম্পদ-২ শাখা এবং প্রাণিসম্পদ-৩ শাখার কাজের সামগ্রিক দায়িত্ব পালন করা;
- ২। প্রাণিসম্পদ অধিদপ্তর এর কর্মকর্তাদের নিয়োগ, শৃংখলা ইত্যাদি বিষয়ক কার্যাদি তত্ত্বাবধান এবং
- ৩। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

প্রাণিসম্পদ-১ শাখা:

- ১। প্রাণিসম্পদ অধিদপ্তর ও এর অধীনস্থ সকল প্রতিষ্ঠানের প্রশাসনিক, উচ্চ শিক্ষা, প্রশিক্ষণ ও সংস্থাপন বিষয়ক কার্যাবলী;
- ২। প্রাণিসম্পদ অধিদপ্তরের রাজস্বখাত ও উন্নয়ন প্রকল্পাধীন প্রথম শ্রেণীর কর্মকর্তাদের (ক্যাডার ও নন-ক্যাডার) নিয়োগ ও পদোন্নতি প্রদান;
- ৩। বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের কর্মকর্তাদের পদায়ন, বদলি এবং পদোন্নতির আদেশ জারি;
- ৪। প্রাণিসম্পদ অধিদপ্তরের রাজস্বখাতের অধীন পদ সৃষ্টি, স্কেল উন্নীতকরণ ও পদ সংরক্ষণ সংক্রান্ত মঞ্জুরি জ্ঞাপন এবং সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ;
- ৫। বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের কর্মকর্তাদের সকল প্রকার ছুটি মঞ্জুরি (অর্জিত, শান্তিবিনোদন, এক্সট্রা অর্ডিনারী ইত্যাদি);
- ৬। প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তাদের (গেজেটেড ও নন-গেজেটেড) ব্যক্তিগতভাবে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে (বহিঃবাংলাদেশ) অর্জিত ছুটি মঞ্জুরির অনুমতি সংক্রান্ত বিষয়াদি;
- ৭। বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের কর্মকর্তাদের সিলেকশন গ্রেড, দায়িত্ব ভাতা ও টাইমস্কেল মঞ্জুরি;
- ৮। বিসিএস (পশুসম্পদ) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের প্রেষণ/ লিয়েনের আদেশ জারি;
- ৯। প্রাণিসম্পদ অধিদপ্তরের গাড়ী ক্রয়, মেরামত ও অকেজো ঘোষণা;
- ১০। বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের কর্মকর্তাদের ৩য় গ্রেড থেকে তদুর্ধ্ব গ্রেডে পদোন্নতির ক্ষেত্রে এস.এস.বি এর সভায় বিবেচনার্থে প্রয়োজনীয় কাগজপত্র জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য প্রক্রিয়াকরণ;
- ১১। বিসিএস (পশুসম্পদ) ক্যাডার ও নন-ক্যাডার কর্মকর্তাদের গ্রেডেশন তালিকা ও নিয়োগবিধি হালনাগাদকরণ, প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ;
- ১২। বিসিএস (পশুসম্পদ) ক্যাডার ও নন-ক্যাডার কর্মকর্তাদের এসিআরে প্রদত্ত বিরূপ মন্তব্য প্রক্রিয়াকরণ;
- ১৩। প্রকল্পের পিডি/ডিপিডি/প্রজেক্ট কো-অর্ডিনেটর/ট্রেনিং কো-অর্ডিনেটর নিয়োগ এবং আন্তর্জাতিক সংস্থায় প্রতিনিধি নিয়োগ;
- ১৪। প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তাদের আবাসিক ও দাপ্তরিক টেলিফোন মঞ্জুরি সংক্রান্ত;

- ১৫। প্রাণিসম্পদ অধিদপ্তরের ১ম ও ২য় শ্রেণির পদের চাহিদা বাংলাদেশ সরকারি কর্মকমিশনে প্রেরণ এবং ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের নিয়োগের ছাড়পত্র প্রদান;
- ১৬। বিসিএস (পশুসম্পদ) ক্যাডার ও নন-ক্যাডার কর্মকর্তাদের পদায়ন, বদলী ও পদোন্নতি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
- ১৭। প্রাণিসম্পদ অধিদপ্তরের অর্গানোগ্রাম, নিয়োগবিধি ও ক্যাডার কম্পোজিশন সংক্রান্ত সকল কার্যক্রম এবং
- ১৮। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

প্রাণিসম্পদ-২ শাখা:

- ১। প্রাণিসম্পদ সংশ্লিষ্ট আইন, নীতিমালা ও নির্দেশিকা প্রণয়ন সংক্রান্ত সকল কার্যক্রম;
- ২। প্রাণিসম্পদ সেক্টরের ইমার্জিং/রিইমার্জিং জুনোটিক রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রম;
- ৩। জনবল ব্যবস্থাপনা ব্যতীত এলআরআই এর সকল কার্যক্রম;
- ৪। প্রাকৃতিক দুর্যোগকালীন প্রাণিসম্পদ সেক্টরের ক্ষয়ক্ষতি সংক্রান্ত বিষয়ে দিক নির্দেশনা প্রদানমূলক কার্যক্রম;
- ৫। প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিষয়ে আমদানির অনুমতি প্রদান সংক্রান্ত কার্যক্রম;
- ৬। বেসরকারি বিভিন্ন সংস্থা/প্রতিষ্ঠান/ব্যক্তি/এসোসিয়েশনের প্রাণিসম্পদ সংক্রান্ত বিভিন্ন আবেদন প্রক্রিয়াকরণ;
- ৭। জনবল ব্যবস্থাপনা ব্যতীত কৃত্রিম প্রজনন সংক্রান্ত নীতি নির্ধারণ এবং বাস্তবায়ন সংক্রান্ত সকল কার্যক্রম;
- ৮। বিভিন্ন জাতীয়/আন্তর্জাতিক দিবস/সপ্তাহ/মেলা/প্রদর্শনী অনুষ্ঠান সংক্রান্ত কার্যক্রম;
- ৯। প্রাণিসম্পদ অধিদপ্তরের উৎপাদিত পণ্যের মূল্য নির্ধারণ সংক্রান্ত কার্যক্রম;
- ১০। সরকারি খামারসমূহের ব্যবস্থাপনা ও অতিরিক্ত গবাদি পশু বিতরণ/বিক্রয়/ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম;
- ১১। বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল এর যাবতীয় কাজ এবং
- ১২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

প্রাণিসম্পদ-৩ শাখা:

- ১। প্রাণিসম্পদ অধিদপ্তরের ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তাদের অবসরোত্তর ছুটি (পিআরএল), লাম্প এমআইউন্ট, পেনশন মঞ্জুর সংক্রান্ত যাবতীয় কাজ;
- ২। প্রাণিসম্পদ অধিদপ্তরের ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তাদের পারিবারিক পেনশন প্রদান;
- ৩। বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের কর্মকর্তাসহ প্রাণিসম্পদ অধিদপ্তরের ১ম শ্রেণীর কর্মকর্তাগণের সম্পর্কে বিভাগীয় মামলা ও শৃঙ্খলাজনিত বিষয়বলীর উপর কার্যক্রম;
- ৪। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক কর্মকর্তা/ কর্মচারীগণের বিরুদ্ধে আনীত বিভাগীয় ও শৃঙ্খলাজনিত বিষয়ে গৃহীত ব্যবস্থার বিরুদ্ধে আপীল আবেদন শুনানী ও সিদ্ধান্ত প্রদান সংক্রান্ত;
- ৫। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর থেকে চাহিত বিভাগীয় মামলার তথ্যাদি প্রেরণ;
- ৬। প্রাণিসম্পদ অধিদপ্তরের সকল গেজেটেড কর্মকর্তাদের এবং মৃত কর্মকর্তা/কর্মচারীদের ঋণ মওকুফ/যৌথ বীমা/কল্যাণ তহবিল সংক্রান্ত বিষয়াদি;
- ৭। জনবল ব্যবস্থাপনা ব্যতীত প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম;
- ৮। ভেটেরিনারি সার্জনদের ইয়ারমার্কৃত বাসস্থান সংক্রান্ত কার্যক্রম এবং
- ৯। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন;

প্রাণিসম্পদ-২ অধিশাখা:

- ১। মন্ত্রণালয়ের প্রাণিসম্পদ-৪ শাখা ও প্রাণিসম্পদ-৫ শাখার কাজের সামগ্রিক দায়িত্ব পালন করা;
- ২। বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এর কর্মকর্তাদের নিয়োগ, শৃঙ্খলা ইত্যাদি বিষয়ক কার্যক্রম তত্ত্বাবধান এবং
- ৩। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

প্রাণিসম্পদ-৪ শাখা:

- ১। প্রাণিসম্পদ খাতে উন্নয়ন প্রকল্পসমূহের অধীনে পদ সৃজন ও মঞ্জুরি বহাল তালিকা প্রক্রিয়াকরণ;
- ২। প্রাণিসম্পদ খাতে উন্নয়ন প্রকল্পসমূহের প্রশাসনিক অনুমোদন প্রক্রিয়াকরণ;
- ৩। প্রাণিসম্পদ অধিদপ্তরের উন্নয়ন প্রকল্পসমূহ রাজস্ব বাজেটে স্থানান্তর;
- ৪। প্রাণিসম্পদ অধিদপ্তরের যাবতীয় সম্পত্তি/জমি সংক্রান্ত সকল বিষয়;
- ৫। প্রাণিসম্পদ অধিদপ্তর/দপ্তর এর কর্মকর্তা/কর্মচারীদের ভবিষ্য তহবিল/মোটরযান/মটর সাইকেল/সাইকেল গৃহ নির্মাণ অগ্রিম প্রদান সংক্রান্ত কাজ প্রক্রিয়াকরণ;
- ৬। জনবল ব্যবস্থাপনা ব্যতীত কেন্দ্রীয় প্রাণিসম্পদ হাসপাতাল ও কেন্দ্রীয় ঔষধাগারের কার্যক্রম;
- ৭। চিড়িয়াখানাসমূহের জনবল ব্যবস্থাপনা ছাড়া অন্য সকল কার্যক্রম;
- ৮। বাংলাদেশ ডেইরি উন্নয়ন বোর্ড এর সকল কার্যক্রম এবং
